



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৮৬

রাজশাহী পিআইডিতে অংশীজনের মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২৩ কার্তিক (৮ নভেম্বর):

আজ মঙ্গলবার (৮ নভেম্বর) সকালে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসে (পিআইডি) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)র অংশ হিসেবে সুশাসন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের দ্বিতীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

পিআইডি রাজশাহীর উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান-এর সভাপতিত্বে মতবিনিময় সভায় বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

মতবিনিময়কালে সাংবাদিকবৃন্দ পিআইডি রাজশাহীর বিভিন্ন সেবা ডিজিটাইজেশন, যুগোপযোগীকরণ, স্থিরচিত্রের সঙ্গে ভিডিও ফুটেজ প্রেরণ, বিভিন্ন সংবাদ ও ভিআইপিগণের কর্মসূচিগুলো আগেভাগে সরবরাহের বিষয়ে পরামর্শ প্রদান করেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুল্ল/২০২২/১৩.০০ঘ.